

কৃঃ বিঃ '৯৫-এ

বন্ধ হল

৩ বার

॥ সুদীপ্তি দাস ॥

বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় (মেয়মন-সিংহ) ২২শে ডিসেম্বর। - সন্ত্রাসের কারণে শুধু ১৯৯৫ সালেই তিন দফা বন্ধ হয়েছে কৃষি বিশ্ববিদ্যালয়। এর মধ্যে দু'বার বন্ধ হয়েছে ক্যাম্পাসে সর্বদলীয় ছাত্র একা কর্তক নিষিদ্ধ সংগঠন ইসলামী ছাত্র শিবিরের অন্তত তৎপূরতায় এবং একবার ছাত্রদের অভ্যন্তরীণ কোমলো।

দেখা যায় ১৯৯৫-এর ৫ই ফেব্রুয়ারি শিবির কর্তক প্রকাশিত প্রথম বর্ষে ভর্তি গাইড বিক্রি করাকে কেন্দ্র করে ছাত্র কর্মচারি সংঘর্ষ শুরু হয়। ৭ই ফেব্রুয়ারি গাজীউল একজন কর্মচারির ছেলে নিহত হয় এবং কর্তৃপক্ষ ৮ই ফেব্রুয়ারি থেকে বিশ্ববিদ্যালয় বন্ধ ঘোষণা করতে বাধ্য হন। পরবর্তীতে ৮ই মার্চ বিশ্ববিদ্যালয় খুলে দেয়া হয় ছাত্র কর্মচারীদের সাত দফা ছুটির ভিত্তিতে।

'৯৫-এর ২২শে আগষ্ট থেকে ছাত্রদের দুর্গপে সংঘর্ষ শুরু হয় এবং ১৪ই সেপ্টেম্বর পুরনায় বিশ্ববিদ্যালয় বন্ধ হয়ে যায়। ৫ই অক্টোবর বাকুবি খোলে।

সর্বশেষ এবারের ঘটনায় ১৫ই ডিসেম্বর রাত থেকে টানা ১১ ঘণ্টা সর্বদলীয় ছাত্র এক্যের সাথে শিবিরের সংঘর্ষে নিহত হল তিন (নাকি পাঁচ) শিবির নেতা আর কর্তৃপক্ষ ৩১শে ডিসেম্বর পর্যন্ত বিশ্ব-বিদ্যালয় বন্ধ করে দিয়েছেন।

কর্তৃপক্ষীয় প্রেস

বিজ্ঞপ্তি এবং

কর্তৃপক্ষ এ তিন ঘটনায় হাস্যকর কিছু সংবাদ বিজ্ঞপ্তি দিয়েছেন। প্রথম ঘটনায় বলেছেন 'ইদুল ফিতরের ছুটি ঘোষণা করা হয়' দ্বিতীয় ঘটনায় দুর্গাপূজা উপলক্ষে ছুটি বাড়িয়ে দেয়ার কথা বলা হয় এবং সর্বশেষ এবারের ঘটনায় কর্তৃপক্ষ বলেছেন শীতকালীন ছুটি উপলক্ষে ১৩ই ডিসেম্বর থেকে ৩১শে ডিসেম্বর পর্যন্ত বাকুবি বন্ধ করা হল।

৫